



চৌধুরী কামাল ইবনে ইউসুফ

১৯৪০ সালে

ফরিদপুর শহরের কমলাপুরে

চৌধুরী কামাল ইবনে ইউসুফ হলেন ফরিদপুরের বিখ্যাত জমিদার পবিত্রের সন্তান। তার পিতা ছিলেন উপমহাদেশের বিখ্যাত রাজনীতিবিদ ইউসুফ আলী চৌধুরী মোহন মিয়া। ঢাকার একটি ইংলিশ মিডিয়াম স্কুলে ওলেভেল এবং পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে এম.এ পাশ করেন। ১৯৭৯ সালে বাংলাদেশ জাতীয়তাবাদী দলে যোগদানের মাধ্যমে রাজনীতি শুরু করেন এবং ঐ বছরই বাংলাদেশ জাতীয় সংসদের সদস্য নির্বাচিত হন। ১৯৮১ সালে বাংলাদেশ সরকারের মন্ত্রী হিসাবে নিযুক্ত হন। ১৯৯১ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি ফরিদপুর মেডিকেল কলেজ, মেডিকেল কলেজ হাসপাতাল, পরমানু চিকিৎসা কেন্দ্র, ডায়াবেটিক হাসপাতাল, ফরিদপুর মহাবিদ্যালয়, নদী গবেষণা ইনস্টিটিউট সহ বহু স্কুল কলেজ, মাদ্রাসা ব্রীজ কালভার্ট ইত্যাদি উন্নয়ন করেন।